

💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ খায়বার ও ওয়ाদिल কুরা যুদ্ধ (মুহাররম, ৭ম হিজরী) ۷ غَزْوَةُ خَيْبَرَ وَوَادِيْ الْقُرٰي (في المحرم سنة ۷

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

ফাদাক (এ১১১):

খায়বারে পৌঁছে রাসূলুল্লাহ (ﷺ) ইসলামের দাওয়াত দেয়ার জন্য মুহায়্যিসা বিন মাসউদকে ফাদাক অঞ্চলে ইহুদীদের নিকট প্রেরণ করেছিলেন। ফাদাকবাসীগণ মানসিক দ্বিধা-দ্বন্দের কারণে প্রথমত ইসলাম গ্রহণের প্রতি তেমন আগ্রহ প্রকাশ করে নি। কিন্তু আল্লাহ তা'আলা যখন খায়বারের ইহুদীদের উপর মুসলিমগণকে বিজয় দান করলেন তখন তারা মনে প্রাণে ভীত হয়ে পড়ল এবং রাসূলে কারীম (ﷺ) এর নিকট লোক পাঠিয়ে খায়বারবাসীগণের চুক্তির অনুরূপ ফাদাকের উৎপাদনের অর্ধেক দেয়ার প্রতিশ্রুতিসহ সন্ধিচুক্তির প্রস্তাব করল। রাসূলুল্লাহ (ﷺ) সানন্দে এ প্রস্তাব গ্রহণ করলেন যার ফলে অত্যন্ত সহজভাবে ফেদাকের উপর মুসলিমগণের অধিকার প্রতিষ্ঠিত হল। এ অধিকার প্রতিষ্ঠার জন্য মুসলিমগণকে ঘোড়া, উট কিংবা তরবারীর ব্যবহার করতে হয় নি।[1]

ফুটনোট

[1] ইবনু হিশাম ২য় খন্ত ৩৩৭ ও ৩৫৩ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6357

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন